

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০১৬

পর্ব - ৮ঃ বিবাহ (১যাب النكاح)

পরিচ্ছেদঃ ২. স্ত্রীলোকদের প্রতি সৎ ব্যবহার - যে ব্যক্তি দীর্ঘদিন ধরে বাড়িতে অনুপস্থিত থাকে তার রাত্রিকালে (হঠাৎ করে) বাড়িতে প্রবেশ করা নিষেধ

আরবী

وَعَنْ جَابِرٍ _ رضي الله عنه _ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ _ صلى الله عليه وسلم _ فِي غَزَاةٍ, فَلَمَّا قَدِمْنَا الْمَدِينَة, ذَهَبْنَا لِنَدْخُلَ. فَقَالَ: «أَمْهِلُوا حَتَّى تَدْخُلُوا لَيْلًا». يَعْنِي: عِشَاءً _ لِكَيْ تَمْتَشِطَ الشَّعِثَةُ, وَتَسْتَحِدَّ الْمَغِيبَةُ. مُتَّفَقُ عَلَيْهِ وَلِيَةٍ لِلْبُخَارِيِّ: إِذَا أَطَالَ أَحَدُكُمُ الْغَيْبَة, فَلَا يَطْرُقْ أَهْلَهُ لَيْلًا

صحيح. رواه البخاري (5079)، ومسلم (715) (57) واللفظ للبخاري وهو عندهما مطول

বাংলা

১০১৬। জাবির (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, আমরা কোন এক যুদ্ধে (হুদাইবিয়ার সন্ধিকালে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ছিলাম। তারপর যখন আমরা মদীনাহয় প্রবেশ করব, এমন সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, তুমি অপেক্ষা কর এবং রাতে প্রবেশ কর, যেন অনুপস্থিত স্বামীর স্ত্রী নিজের অবিন্যস্ত কেশরাশি বিন্যাস করতে পারে এবং লোম পরিষ্কার করতে পারে।

বুখারীর অন্য বর্ণনায় আছে-যখন তোমাদের কেউ দীর্ঘ সময় বাড়ি থেকে অনুপস্থিত থাকে। সে যেন তার বাড়িতে রাত্রিকালে (হঠাৎ করে) প্রবেশ না করে।[1]

ফটনোট



[1] বুখারী বুখারী ৪৪৩, ১৮০১, ২০৯৭, ২৩০৯, ২৩৮৫, ২৩৯৪, ২৬০৩, ২৬০৪, ২৭১৮, ২৮৬১, ৫০৭৯, মুসলিম ৭১৫, তিরমিয়ী ১১০০, নাসায়ী ৪৫৯০, ৪৫৯১, আবূ দাউদ ৩৩৪৭, ৩৫০৫, ইবনু মাজাহ ১৮৬০, আহমাদ ১৩৭১০, ১৩৭৬৪, দারেমী ২২১৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন